Inclusive Futures
Promoting disability inclusion

UKaid
from the British people

আইএনজিও এবং ওপিডির মধ্যে অর্থবহ ও সফল অংশীদারিত্ব গড়ে তোলার জন্য একটি গাইড

ইনক্লুসিভ ফিউচারস কর্মসূচি থেকে

আমরা যা শিখেছি

২০২২ সালের সেপ্টেম্বরে ইনক্লুসিভ ফিউচারস কনসোর্টিয়ামভুক্ত আন্তর্জাতিক বেসরকারি সংস্থাসমূহের (আইএনজিও) প্রকল্প কর্মকর্তাবৃন্দ এবং প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠনগুলোর (ওপিডি) কর্মকর্তাদের সঙ্গে ইনক্লুসিভ ফিউচারস তিনটি পিয়ার-টু-পিয়ার আলোচনা পরিচালনা করে। প্রতিবন্ধীদের অন্তর্ভুক্তিমূলক প্রকল্পের জন্য অর্থবহ অংশীদারিত্ব গড়ে তুলতে কোনগুলো ঠিকমতো কাজ করেছে আর কোনগুলো করেনি সে সম্পর্কে অংশগ্রহণকারীরা তাঁদের প্রত্যক্ষ অভিজ্ঞতা নিয়ে আলোচনা করেন।

এই গোলটেবিল বৈঠকের উপর ভিত্তি করে প্রকাশিত দুইটি প্রকাশনার একটি হলো এই দুই পৃষ্ঠার সারাংশ। আরও দেখুন: আইএনজিও এবং ওপিডি- এর মধ্যে অর্থপূর্ণ এবং সফল অংশীদারিত্ব তৈরি করা: মূল্যবোধ এবং মনোভাব।

আলোচনাকালে যে নয়টি বিষয়ে মতৈক্যে পৌঁছা গেছে সেগুলো হলো:

অভিন্ন দৃষ্টিভঙ্গী ও মূল্যবোধ দিয়ে শুরু করা

দৃঢ় অংশীদারিত্বের জন্য একটি মজবুত ভিত্তি প্রয়োজন। অংশীদারেরা কোন কোন বিষয়ে একমত এবং তাঁরা কী মূল্যবোধ পোষণ করে তা খুঁজে বের করুন। তারপর, যে লক্ষ্য নিয়ে তাঁরা সবাই বৃহত্তর সমাজে যেসকল কাজ করছেন সে বিষয়ে মতৈক্যে পৌঁছান। জেন্ডার বিষয়ক বিভিন্ন আলোচনা মূলধারায় আনার গুরুত্ব, এবং প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট কুসংস্কার ও বৈষম্যের বিরুদ্ধে লড়াই করার জন্য অভিন্ন লক্ষ্য একটি প্রকল্পের অভিন্ন মূল্যবোধের উদাহরণ হতে পারে।

ওপিডিগুলোকে বিশেষজ্ঞ সংগঠন হিসাবে সম্মান দেওয়া

কোনো অংশীদারিত্ব তখনই ফলপ্রসূ হয়, যখন সকল অংশীদারকে তাঁদের অনন্য, সুনির্দিষ্ট সক্ষমতা ও অবদানের জন্য মূল্যায়ন করা হয়। প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সংক্রান্ত কনভেনশন (সিআরপিডি, ২০০৬) এবং জাতীয় প্রতিবন্ধী আইনসমূহসহ মানবাধিকারের বিষয়ে জ্ঞান ও প্রশিক্ষণের মতো বিভিন্ন ধরনের দক্ষতা ওপিডিগুলোর রয়েছে। ওপিডিগুলো বাস্তব জীবনের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে তাদের দক্ষতা বৃদ্ধি করে। কমিউনিটির সাথে সুসম্পর্কের পাশাপাশি প্রতিবন্ধী ব্যক্তি ও প্রতিবন্ধী কমিউনিটির নানাবিধ বিষয় ও অগ্রাধিকারসমূহ নিয়ে তাঁদের মধ্যে পারস্পরিক বোঝাপড়া রয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের পরিবার, কমিউনিটি এবং পরিচর্যাকারীদের [কেয়ারগিভার] সঙ্গে ওপিডির সম্পৃক্ততা তথ্য ও শিক্ষা প্রদানের একটি উপায় হতে পারে এবং নেতিবাচক গতানুগতিক ধারণা ও বৈষম্যকে চ্যালেঞ্জ জানাতে পারে।

ক্ষমতা, নেতৃত্ব, মালিকানা ও দায়িত্ব ভাগ করে নেওয়া

পরিকল্পনা প্রণয়ন থেকে বাস্তবায়ন পর্যন্ত প্রতিটি পর্যায়ে সম্পৃক্ত হওয়ার ব্যাপারে আইএনজিও এবং ওপিডির মধ্যকার অঙ্গীকার পালন করা হলে প্রকল্পগুলো আরও শক্তিশালী হয়ে উঠে। প্রকল্পের বিষয়ে ওপিডিগুলোর কাছ থেকে প্রায়শই পরামর্শ নেওয়া হয়, কিন্তু তারপর কেবল বাস্তবায়নকারী অংশীদার হিসাবে এবং প্রকল্পের অনুষ্ঠানগুলোতে নীরব অংশগ্রহণকারী হিসাবে বিবেচনা করা হয়। আইএনজিও এবং ওপিডি-র মধ্যে অংশীদারিত্বে প্রকল্পের সহ-নির্মাতা হিসাবে ওপিডি-গুলিকে স্বীকৃতি দেওয়ার জন্য যৌথভাবে পরিকল্পনা প্রণয়ন এবং অংশীদারিত্বের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। ইনক্লুসিভ ফিউচারস-এ, ওপিডিগুলো আইএনজিওর পাশাপাশি প্রকল্পের অংশবিশেষে নেতৃত্ব দেওয়ার চ্যালেঞ্জ গ্রহণ করেছিল।

দায়িত্ব ও কর্তব্যের ব্যাপারে একমত হওয়া

আইএনজিও এবং ওপিডি-র মধ্যে অংশীদারিত্বে সুস্পষ্ট যোগাযোগ, প্রত্যেক অংশীদারের কাছে প্রত্যাশা ও তাঁর ভূমিকা ঠিক করা ও তা বজায় রাখা প্রয়োজন। ইনক্লুসিভ ফিউচারস-এ অংশীদাররা কখন ও কীভাবে যোগাযোগ বা বৈঠক করবে, কোন অংশীদার কী কাজ করবে বলে প্রত্যাশিত আর কখন তা করবে, এবং অংশীদারিত্বের সীমারেখা ইত্যাদি নির্ধারণ করার জন্য অংশীদারেরা একটি সমঝোতা স্মারক (এমওইউ) তৈরি করে।

ওপিডির সম্পৃক্ততার জন্য রিসোর্স ও বাজেট রাখা

যেকোনো অংশীদারিত্ব সময় ও অর্থ উভয় দিক থেকেই একটি বিনিয়োগ। প্রতিবন্ধী ব্যক্তি যাতে অন্যদের সমতুল উপায়ে অংশগ্রহণ করতে পারে, ও যুক্তিসঙ্গত অবস্থান পায় তা নিশ্চিত করা প্রতিটি অংশীদারিত্বের দায়িত্ব। এজন্য শুরুতেই অংশীদারের সঙ্গে আগাম তাঁর প্রয়োজন সম্বন্ধে আলোচনা করে নিতে হবে। কোনো বৈঠকের আগে বৈঠকস্থলে প্রবেশযোগ্যতার পর্যালোচনা করা এবং ব্যক্তিগত সহকারী, অনুবাদক, দোভাষী এবং বিকল্প যোগাযোগ সামগ্রীর মতো বিষয়াদির জন্য বাজেট রাখা এর অন্তর্ভুক্ত হতে পারে। সাংগঠনিক প্রতিকূল-সহিষ্ণুতা ও স্থায়িত্বের জন্য, ওপিডিগুলোকে আইএনজিওর মতো একইভাবে অর্থায়ন করতে হবে, যাতে তাদের কাজকর্ম ও খরচের ব্যয় মেটানো যায়।

বৈচিত্র্যময় অন্তর্ভুক্তি নিশ্চিত করা

প্রতিবন্ধীদের অন্তর্ভুক্তিকরণের জন্য আইএনজিও এবং ওপিডিগুলোর মধ্যে অংশীদারিত্বের অর্থ হলো প্রতিবন্ধিতার নানা বৈচিত্র্যকে ধারণ করে অংশীদারিত্ব এবং এতে ওপিডি আন্দোলনের বৈচিত্র্যকে অনুধাবন করা। ওপিডিগুলোর ব্যাপ্তি এর আকার, প্রতিনিধিত্ব ও সক্ষমতা: ছোট, তৃণমূল এবং সুনির্দিষ্ট প্রতিবন্ধিতা-ভিত্তিক স্তর থেকে শুরু করে সম্মিলিত ও আঞ্চলিক সদস্যভিত্তিক সংস্থা পর্যন্ত বিস্তৃত। বৈচিত্র্যপূর্ণ ও প্রতিনিধিত্বমূলক অংশীদারিত্বের জন্য, জাতীয় ও স্থানীয় ওপিডিগুলোকে একত্রিত করার লক্ষ্য নিন এবং প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতিনিধিত্ব করে এমন বিভিন্ন ওপিডি অংশীদারদের সঙ্গে সম্পৃক্ত হোন।

শক্তি ও সক্ষমতা সংক্রান্ত চ্যালেঞ্জগুলো চিহ্নিত করা

কোনো অংশীদারিত্ব তখনই সফল হয়, যখন প্রত্যাশার সঙ্গে সক্ষমতার সঙ্গতি থাকে। আইএনজিওগুলো প্রতিবন্ধী-অন্তর্ভুক্তিকরণের বিশেষজ্ঞ নয়, এবং আইএনজিওগুলো প্রায়শই তাদের প্রকল্পগুলোতে প্রতিবন্ধী অন্তর্ভুক্তি নিশ্চিত করতে ওপিডির উপর নির্ভর করে। অংশীদারিত্বে কোন অংশীদার কোন দায়িত্ব পালন করবে আর কোন দায়িত্বে থাকবেনা, সে সম্পর্কে সার্বিক পদ্ধতিগত তদন্তের ব্যবস্থা, এবং কোনো অংশীদারের দক্ষতায় গুরুত্বপূর্ণ ঘাটতি থাকলে তাঁরা কীভাবে সেই দক্ষতা বৃদ্ধি করতে পারেন তার পরিকল্পনা অন্তর্ভুক্ত থাকা প্রয়োজন। ওপিডি এবং আইএনজিওর মধ্যে অংশীদারিত্বের ক্ষেত্রে সুনির্দিষ্ট সক্ষমতার চ্যালেঞ্জগুলো আইএনজিও সংস্থা চিহ্নিত করতে সহায়তা করতে পারে। ওপিডিগুলোর কিছু সক্ষমতার ঘাটতি হতে পারে। যেমন, কারিগরি সক্ষমতা, রিপোর্টিং দক্ষতা, সাংগঠনিক, প্রয়োজনীয় নীতি ও নিবন্ধন অথবা 'কৌশলগত দক্ষতা' [সফট স্কিল], অ্যাডভোকেসি, ইত্যাদি। প্রতিবন্ধী-অন্তর্ভুক্তিকে ঘিরে চিন্তা ও অনুশীলন উভয় ক্ষেত্রে আইএনজিওগুলোর মধ্যে সক্ষমতার কিছু ঘাটতি হতে পারে।

নীতির সঙ্গে আপনার প্রকল্পের যোগসূত্র তৈরি

অংশীদারিত্বের প্রকৃত অর্থ হলো উভয় অংশীদারের প্রোফাইলকে আরও শক্তিশালী বা জোরালো করে তোলা। নতুন কোনো অংশীদারিত্ব অংশীদারদের বিদ্যমান কাজকে এগিয়ে নিয়ে যেতে পারে, যাতে প্রতিবন্ধী-অন্তর্ভুক্তকরণের বৃহত্তর লক্ষ্যসমূহ, যেমন নীতি পরিবর্তন বা নীতির বাস্তবায়ন, আরও শক্তিশালী ও সুনির্দিষ্ট হয়।

রূপান্তর ও শিক্ষার জন্য প্রস্তুতি নেওয়া

আইএনজিও এবং ওপিডির মধ্যে অংশীদারিত্বের অর্থ এই নয় যে, 'আপনারা আমাদের জন্য যা করতে পারেন, আমরা তাতেই সন্তুষ্ট'। একে অপরের কাছ থেকে শেখা, চ্যালেঞ্জ মোকাবেলা ও সুযোগ কাজে লাগানোর মাদ্ধমে একসাথে কাজ করা, এবং মৌলিক চিন্তাভাবনা ও দৃষ্টিভঙ্গি পরিবর্তনের জন্য প্রস্তুত থাকতে হবে। শেখা, পরিবর্তন ও একসঙ্গে এগিয়ে যাওয়ার মাধ্যমে অংশীদারিত্বকে অর্থবহ করে তুলুন।

এডিডি ইন্টারন্যাশনাল | বিবিসি মিডিয়া অ্যাকশন | বেনেটেক | ব্র্যাক
সেন্ট্রাল অর্গানাইজেশন অফ ট্রেড ইউনিয়নস কেনিয়া | ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভস
ইকুয়াল রাইটস ট্রাস্ট | হিউম্যানিটি অ্যান্ড ইনক্লুশন | ইনক্লুশন ইন্টারন্যাশনাল
ইনোভেশনস ফর পোভার্টি অ্যাকশন | ইনস্টিটিউট অফ ডেভেলপমেন্ট স্টাডিজ
ইন্টারন্যাশনাল ডিসেবিলিটি অ্যালায়েন্স | কেনিয়া ফিমেল অ্যাডভাইজরি অর্গানাইজেশন
লিওনার্ড চেশায়ার | লাইট ফর দ্য ওয়ার্ল্ড | এলআইএসসি | সেন্স ইন্টারন্যাশনাল
সাইটসেভারস | সোশ্যাল ডেভেলপমেন্ট ডাইরেক্ট। স্ট্যান্ডার্ড চার্টার্ড
সাসটেনেবল হসপিটালিটি অ্যালায়েন্স | উলুলা | ইউনাইটেড ডিসেবলড পারসনস অফ কেনিয়া

www.inclusivefutures.org

Inclusive Futures

UKaid
from the British people